

টেন্ডার কি? বিভিন্ন প্রকার টেন্ডারের বর্ণনা।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর ২ (২৪) বিধিতে বর্ণিত আছে যে, “দরপত্র” বা “প্রস্তাব” অর্থ দরপত্র দাখিলের আহ্বান বা, ক্ষেত্রমত প্রস্তাব দাখিলের অনুবোধের পরিপ্রেক্ষিতে কোন দরদাতা বা কোন পরামর্শক কর্তৃক পণ্য, কার্য বা সেবা সরবরাহের জন্য ক্রয়কারীর নিকট দাখিলকৃত দরপত্র বা প্রস্তাব এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোটেশন ও দরপত্র অন্তর্ভুক্ত হইবে।

বিভিন্ন প্রকার টেন্ডারের বর্ণনা

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী টেন্ডারের বর্ণনা নিম্নে প্রদত্ত হইল: -

বিধি-৬১ (২) : এই বিধিতে উন্মুক্ত দরপত্রের বিধান বর্ণিত আছে।

বিধি-৬২ (২) : এই বিধিতে সীমিত দরপত্রের বিধান বর্ণিত আছে;

বিধি-৬২ (২) : তে বর্ণিত দুই পর্যায় বিশিষ্ট দরপত্রের পদ্ধতি;।

বিধি-৬২ (২) : তে বর্ণিত এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি ।

বিধি-৬২ (২) : তে বর্ণিত কোটেশন প্রদানের অনুবোধ জ্ঞাপন পদ্ধতি।

বিধি-৬২ (২): সরাসরি ক্রয় পদ্ধতি।

বিধি-১০৫ (২) গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি এবং

উন্মুক্ত দরপত্র পদ্ধতি

বিধি-৬১ (১) অনুযায়ী বিশেষ পরিস্থিতিতে নির্দিষ্ট কোন ক্রয়ের ক্ষেত্রে প্রথম মূল্য সীমার পরিপ্রেক্ষিতে অন্যান্য ক্রয় পদ্ধতির কোন একটি পদ্ধতির ব্যবহার অধিকতর যুক্তিযুক্ত না হইলে, পণ্য ও সংশ্লিষ্ট কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে অগ্রে বিবেচ্য পদ্ধতি হিসাবে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে হইবে।

সীমিত দরপত্র পদ্ধতি

বিধি-৬৩ (২) অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে। ক্রয়ে আবশ্যিক সময় এবং প্রশাসনিক ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের মূল্যসীমা সাপেক্ষে, তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হইতে দরপত্র আহ্বান করিতে পারিবে।

দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি

বিধি-৬৫ (১) অনুযায়ী ক্রয়কারী টার্ন কী চুক্তি বা বৃহদাকার জটিল প্রকৃতির প্যান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির ক্ষেত্রে এই পদ্ধতি প্রয়োগ করিতে পারিবে। |

এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি

বিধি-৬৮ ক (১) অনুযায়ী টার্ন-কী চুক্তি বা হদাকার প্যান্ট স্থাপন সংক্রান্ত চুক্তির ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ, কার্যের হিসাব ধালত বিবরণ বা আবশ্যকীয় পণ্যের সরবরাহ সম্বলিত বিবরণ ডিজাইন ইত্যাদিসহ পূর্ণাঙ্গ দরপত্র প্রণয়ন করিতে ক্রয়কারী সক্ষম হইলে, তিনি ধারা-৩২ এর উপ ধারা (১) এর দফা (গগ) এর বিধান অনুসারে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগ করিতে পারিবে। | কোটেশন প্রদানের অনুরোধে জ্ঞাপন পদ্ধতি : বিধি-৬৯ (১) অনুযায়ী ক্রয়কারী বাজারে বিদ্যমান প্রমিত সনের স্বল্প মূল্যের 'জলভ্যতা পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং স্বল্পমূল্যের সাধারণ কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে তফসিল-২ তে উল্লয়ন ও রাজস্ব বাজেটের জন্য পৃথকভাবে নির্দিষ্টকৃত মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে কোটেশন প্রদানের অনুরোধে জ্ঞাপন পদ্ধতি প্রয়োগ করিতে পারিবে।

সরাসরি ক্রয় পদ্ধতি

বিধি-৭৪ (১) অনুযায়ী ক্রয়কারী দরপত্র প্রক্রিয়া বা। অন্যকোন ক্রয় পদ্ধতি প্রয়োগ ব্যতিরেকে, সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করিয়া একটি উৎস হইতে পণ্য সংশ্লিষ্ট সেবা বা কার্য ও ভৌত সেবা এড়াইবার বা কোন নির্দিষ্ট ব্যক্তি, সরবরাহকারী ও ঠিকাদারদের প্রতি বৈষম্য সৃষ্টি বা আনুকূল্য প্রদর্শনের উদ্দেশ্যে এই পদ্ধতি প্রয়োগ করা যাইবে না।

গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি

বিধি ১০৫ (২) অনুযায়ী গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতির অধীন বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে তফসিল ৩ এর “ছ” অংশে প্রদত্ত “ক্লো-চার্ট” এ উল্লিখিত প্রক্রিয়া ও কার্যক্রম অনুসরণীয় হইবে।